দৈনিক সংবাদ

তারিখ ... 23 OCT 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... 2

16

### নড়াইলে জনতার উদ্দেশে শেখ হাসিনা

# বিএনপি শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস সৃষ্টি করছে

নড়াইল, ২২শে অক্টোবর (নিজস্ব সংবাদদাতার ফোন)।— আওয়ামী লীগ সভানেত্রী ও সংসদে বিরোধীদলের নেত্রী শেখ হাসিনা বলেছেন, আমরা খুন-খারাবির রাজনীতিতে বিশ্বাস করি না। আমরা এদেশে শান্তি চাই। কিন্তু বিএনপি রক্ত ঝরাচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানে আধিপত্য বিস্তারের জন্য তারা সন্ত্রাসের সৃষ্টি করছে। তিনি সন্ত্রাস বন্ধ ও সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়ার দাবী জানান।

আজ বেলা দেড়টার দিকে বিরোধীদলীয় নেত্রী এবং আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা নড়াইল সফরকালে নড়াইল ডাকবাংলো প্রাঙ্গণে উপস্থিত জনতার উদ্দেশে ভাষণদানকালে একথা বলেন। তিনি বলেন, আজকে বিশ্ববিদ্যালয়সহ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে আধিপত্য বিস্তার করার লক্ষ্যে বিএনপি সন্ত্রাস সৃষ্টি করে রেখেছে। শিক্ষা প্রতিষ্ঠানের এই সন্ত্রাস বন্ধ করতে হবে। তিনি আরো বলেন, জাতির কাছে দেয়া ওয়াদা নির্বাচনের পর ক্ষমতার মোহে বিএনপি ভুলে গেছে। তবে আমাদের চাপের মুখে সংসদীয় গণতন্ত্র বিল পাস করতে বাধ্য হয়েছে। এই বিল পাস করে আমরা ইতিহাস সৃষ্টি করেছি। নির্বাচনী ইশতেহারে দেয়া প্রতিশ্রুতি রক্ষা করেছি। শেখ হাসিনা বলেন, চাল, ডাল, আটা, কাঁচা মরিচসহ নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে গেছে। দেশে দুর্ভিক্ষ দেখা দিয়েছে।

হাসিনা ঃ পৃঃ ৮ কঃ ৪

### হাসিনা ঃ বিএনপি শিক্ষা প্রতিষ্ঠানে সন্ত্রাস সৃষ্টি করছে

(১ম পাতার পর)

অথচ বিদেশ থেকে প্রধানমন্ত্রী ফিরে এসে বলেন, দেশে দুর্ভিক্ষ নেই। পত্রপত্রিকায় অপপ্রচার চালানো হচ্ছে। দিনাজপুর, ঠাকুরগাঁও, নীলফামারী ও পঞ্চগড়সহ বিভিন্ন দুর্গত এলাকা আমি ঘুরেছি। সেখানে রিলিফসামগ্রী বিতরণ দলীয়করণ করা হয়েছে।

শেখ হাসিনা বলেন, নড়াইলে আপনারা চয়নের রক্ত নিয়েছেন। আর কোন মায়ের কোল খালি করবেন না। এর পরও যদি কোন মায়ের কোল খালি হয়, আমরা জানি, কি করে এর জবাব দিতে হয়। তিনি নড়াইল উকিল বারে ঢুকে আইনজীবীদের ওপর হামলার তীব্র নিন্দা করেন। সভায় আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আমির হোসেন আমু বক্তব্য রাখেন। সভার আগে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা স্থানীয় পানি উন্নয়ন বোর্ডের ডাকবাংলোয় নেতা-কর্মীদের সঙ্গে এক সংক্ষিপ্ত বৈঠকে মিলিত হন। এর পর তিনি '৯০-এর গণআন্দোলনে শহীদ ছাত্রলীগ নেতা মানিক সাহার বাড়িতে যান এবং তার মা-বাবাকে সান্ত্বনা দেন। সভাশেষে শেখ হাসিনা স্থানীয় প্রশাসনের সঙ্গে এক রুদ্ধদ্বার বৈঠকে মিলিত হন। পরে নড়াইল উকিলবারে এক বৈঠকে যোগ দেন। তাছাড়া বিকেলে নড়াইল প্রেসক্লাবে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় করেন।